

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫/৩০

তারিখ : ০৫.০২.২০১৭ খ্রি.

৩৪তম বিসিএস-এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার এবং নন-ক্যাডার ১ম শ্রেণির পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের নন-ক্যাডার ২য় শ্রেণির পদে নিয়োগের লক্ষ্যে ০৮.০৮.২০১৬ তারিখের জারিকৃত ২০২ ও ২০৩ নং প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে ০৫ (পাঁচ) জন প্রার্থীর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছিল। এ বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট ০৫ জন প্রার্থীর মধ্যে উপস্থিত ০৪ জন প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র/সনদ/ডকুমেন্টস প্রাথমিকভাবে বিবেচিত হওয়ায় তাদের স্থগিত ঘোষিত সুপারিশ/ফলাফল ঘোষণার বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করে। কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত ০৪ (চার) জন প্রার্থীর পদের নাম ও রেজিঃ নম্বর নিম্নে দেয়া হলো :

(১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

পদের নাম : শ্রম পরিদর্শক (সাধারণ)

রেজিঃ নম্বর- ০৩৫৪১৫, ৫২৯২১ = ০২ জন।

(২) অর্থ মন্ত্রণালয়ের অধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

পদের নাম : কর পরিদর্শক

রেজিঃ নম্বর- ২২৬৫৯, ১২৪০৪১ = ০২ জন।


২. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে যেকোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুত্ব (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৩/২/১৭

৪. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীদের সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশ তদন্তের ভিত্তিতে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।
৫. ০৮.০৮.২০১৬ তারিখে জারিকৃত প্রেস বিজ্ঞপ্তিতে ফলাফল স্থগিতকৃত প্রার্থী রেজিস্ট্রেশন নম্বর- ০৪৭৯১৫ তদন্ত কমিটির সভায় অনুপস্থিত থাকায় তার প্রার্থিতা কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।
৬. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫/৩০


তারিখ : ০৫.০২.২০১৭ খ্রি.

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪ টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
- ২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা যাচ্ছে)।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

৩০/১/১৭




(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)